# সিলেট বোর্ড-২০১৯

## হিসাববিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

১.▶ মাসুম এন্টারপ্রাইজ-এর রেওয়ামিল ও সমন্বয়সমূহ নিম্নরূপ :

**মাসুম এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৭

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৫০,০০০ | ১,২৫,০০০ |
| বেতন | ১৫,০০০ | |
| ফেরত | ২,০০০ | ১,০০০ |
| বিমা প্রিমিয়াম | ১,৭৫০ | |
| ব্যবসায়িক বাট্টা | ১,০৫০ | ১,২৫০ |
| পরিবহন | ৩,৫০০ | |
| বিজ্ঞাপন | ৩,২৫০ | |
| বাট্টা প্রাপ্তি | | ২,৫০০ |
| শিক্ষানবিশ ভাতা ও সেলামি | ১,৮০০ | ৩,৬০০ |
| দেনাদার ও পাওনাদার | ৫০,০০০ | ২০,০০০ |
| | ১,৫৩,৩৫০ | ১,৫৩,৩৫০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্য ১২,৫০০ টাকা। ii. বেতন ৬ মাসের বকেয়া আছে। iii. দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে। iv. বিজ্ঞাপনের ১/৫ অংশ অবলোপন করতে হবে।

ক. উপর্যুক্ত তথ্য হতে চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মাসুম এন্টারপ্রাইজ-এর মোট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. মোট মুনাফা ৫০,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

https://teachingbd24.com

২.▶ ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে শান্তা এন্টারপ্রাইজ-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ৬০,০০০ | ১,৫০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,৪০,০০০ | ২,৮০,০০০ |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ৩৬,৮০০ | ৪৫,৩০০ |
| ৬% ঋণ | | ৫০,০০০ |
| ১০% সঞ্চয়পত্র | ১,৬২,০০০ | |
| হাতে নগদ | ২৫,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫৫,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৩,২০০ | |
| অফিস সরঞ্জাম | ৫৪,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ১০,৭০০ |
| | ৫,৩৬,০০০ | ৫,৩৬,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য এর মূল্য ৫০,০০০ টাকা। ২. ব্যবসায় হতে মালিকের আয়কর প্রদান ১০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। ৩. ঋণ ও সঞ্চয়পত্রের সুদ পূর্ণ বছরের বকেয়া রয়েছে।

ক. উপর্যুক্ত তথ্য হতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. শান্তা এন্টারপ্রাইজ-এর আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদ-এর পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নিট মুনাফা ১,৪৮,২০০ টাকা ধরে সমাপনী মালিকানা স্বত্ব ও মোট দায় নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩.▶ ২০১৮ সালের জানুয়ারি মাসে রাহা ট্রেডার্স-এর সংঘটিত কতিপয় ঘটনা নিম্নরূপ:

i. নগদ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো।

ii. ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

iii. মালিকের ব্যক্তিগত তহবিল হতে ২,০০০ টাকা হারিয়ে গেল।

iv. ধারে বিক্রয় ১৫,০০০ টাকা।

v. ১০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

vi. ধারে ক্রয়কৃত ৫,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করো। ২

Teachingbd24.com

খ. সমীকরণ পদ্ধতিতে লেনদেনের কারণ ব্যাখ্যা করো। ৪

গ. বিবরণী ছকে ব্যবসায়িক লেনদেন দ্বারা প্রমাণ করো: A = L + E। ৪

৪. ▶ জান্নাত ট্রেডার্স-এর ২০১৮ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :

i. নগদ ২,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হলো।

ii. পণ্য বিক্রয় ১,৮০,০০০ টাকা, যার ৫০% ধারে।

iii. পণ্য ক্রয় ১,০০,০০০ টাকা, যার ৪০% নগদে।

iv. বিনিয়োগের সুদ প্রাপ্তি ১০,০০০ টাকা, যার মধ্যে ৩,০০০ টাকা বিগত বছরের।

v. ভাড়া প্রদান ২০,০০০ টাকা, যার মধ্যে ৫,০০০ টাকা পরবর্তী বছরের জন্য।

vi. ব্যাংক হতে ঋণ গ্রহণ ১,৫০,০০০ টাকা।

ক. উপরিউক্ত তথ্য হতে মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২

খ. জান্নাত ট্রেডার্সের ২০১৮ সালের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উদ্দীপকের ভিত্তিতে মুনাফা জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় প্রদানের পরিমাণ নির্ণয় করো। ৪

৫. ▶ হাবিব ট্রেডার্স-এর ২০১৮ সালের জুলাই মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

| ২০১৮ | | |
|---|---|---|
| জুলাই | ১ | নগদ ২,৬০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো। |
| " | ৩ | আকিব স্টোর-এর নিকট হতে পণ্য ক্রয় ২,৫০,০০০ টাকা এবং চেক প্রদান ১,২০,০০০ টাকার। |
| " | ৬ | ব্যবসায়ে ব্যবহারের জন্য এ.সি ক্রয় ২,২৫,০০০ টাকা। |
| " | ৮ | পণ্য বিক্রয় ২,৩০,০০০ টাকা যার ৫০% বাকিতে। |
| " | ১০ | জুলাই ৬ তারিখে ক্রয়কৃত এ.সি ২,১৫,০০০ টাকায় বিক্রয়। |
| " | ১৩ | আকিব স্টোরকে পরিশোধ ১,২০,০০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ১০,০০০ টাকা। |
| " | ১৫ | ব্যবসায় হতে উত্তোলন ৫০,০০০ টাকা। |
| " | ২০ | ২,০০০ টাকা বাট্টা বাদে দেনাদার হতে প্রাপ্তি ১,১০,০০০ টাকা। |

ক. উপর্যুক্ত তথ্য হতে মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২

খ. হাবিব ট্রেডার্স-এর নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উদ্দীপকের ভিত্তিতে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

৬.▶ ফাহিমা স্টোরর্স এর ২০১৮ সালের জুন মাসের লেনদেনসমূহ নিম্নে দেওয়া হলো:

জুন ১ জামান এন্ড সন্স-এর নিকট (প্রতিটি ৩০ কেজির বস্তা) প্রতি বস্তা ৫,০০০ টাকা দরে, ১০০ বস্তা ডাল নিম্নমানের জন্য ফেরত দেওয়া হলো। কারবারি বাট্টা ৩%, ডেবিট নোট নং ১৮৭।

" ১৫ লতিফ স্টোরসকে প্রতি পাউন্ড ১৮০ টাকা দরে, ৪০ পাউন্ড চা নমুনামাফিক না হওয়ায় ফেরত পাঠানো হলো। কারবারি বাট্টা ২$\frac{১}{২}$%, ডেবিট নোট নং ১৮৮।

" ২৫ রাশেদ এন্ড ব্রাদার্স-এর নিকট হতে প্রতি ডজন ১৮০ টাকা দরে ১২ ডজন সাবান ফরমায়েশ অনুযায়ী না হওয়ায় ফেরত আসল। কারবারি বাট্টা ৫%।

ক. জুন ১ তারিখের লেনদেন দ্বারা ফেরত ডালের পরিমাণ কেজিতে নির্ণয় করো। ২

খ. উপযোগী লেনদেনের সাহায্যে ফাহিমা স্টোরস-এর ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

গ. ২৫ তারিখের লেনদেন দ্বারা ফাহিমা স্টোরস-এর উপযুক্ত দলিল প্রস্তুত করো। ৪

৭.▶ নাবিল এন্ড সন্স-এর ২০১৮ সালের ১ মার্চ তারিখে নগদ উদ্বৃত্ত ২০,০০০ টাকা, ব্যাংক উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং পাওনাদারের উদ্বৃত্ত ১৫,০০০ টাকা ছিল। উক্ত মাসের অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ :

মার্চ ৫ চেক দ্বারা পণ্য ক্রয় ১২,০০০ টাকা।

" ১০ পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।

" ১৫ পাওনাদারকে পরিশোধ ৭,০০০ টাকা।

" ২০ ব্যক্তিগত ব্যবহারের জন্য পণ্য উত্তোলন ৪,০০০ টাকা।

" ৩০ বেতন চেকে পরিশোধ ৫,০০০ টাকা।

ক. নাবিল এন্ড সন্স-এর ব্যবসায় প্রতিষ্ঠানের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উক্ত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব ও পাওনাদার হিসাব T-ছকে প্রস্তুত করো। ৪

গ. উক্ত প্রতিষ্ঠানের নগদান হিসাব ও ক্রয় হিসাব চলমান জের ছকে প্রস্তুত করো। ৪

৮.▶ সিমেন্ট ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান অনন্যা ট্রেডার্স-এর ২০১৮ সালের জুলাই মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

https://teachingbd24.com

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | হাতে নগদ ১,৪৫,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ১,৪০,০০০ টাকা। |
| " | ৩ | সোহান এন্টারপ্রাইজ থেকে ১০% বাট্টায় ১,৫০,০০০ টাকার সিমেন্ট ক্রয়। |
| " | ৫ | বাঁধন ট্রেডার্স-এর নিকট ৮% বাট্টায় ১,৮০,০০০ টাকার সিমেন্ট বিক্রয়। |
| " | ৮ | সোহান এন্টারপ্রাইজ-এর পাওনা ১,৩৫,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১,৩৩,০০০ টাকা প্রদান করা হলো। |
| " | ১২ | ব্যাংক থেকে উত্তোলন ৬০,০০০ টাকা। |
| " | ১৫ | বাঁধন ট্রেডার্স-এর নিকট থেকে ৫,৬০০ টাকার সিমেন্ট ফেরত আসল। |
| " | ২০ | বাঁধন ট্রেডার্স-এর নিকট হতে ১,৬০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১,৫৭,০০০ টাকা পাওয়া গেল। |
| " | ২৮ | ২,০০০ টাকার সিমেন্ট নষ্ট হয়ে গেছে। |

ক. মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে অনগদ লেনদেনগুলোর সাধারণ জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. অনন্যা ট্রেডার্স-এর তিনঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৯.▶ তুর্সি এন্টারপ্রাইজ-এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

মূলধন ৮০,০০০ টাকা; উত্তোলন ৫০,০০০ টাকা; ক্রয় ৪২,০০০ টাকা; দেনাদার ৩০,০০০ টাকা; বিক্রয় ১,২০,০০০ টাকা; প্রাপ্য নোট ৩০,০০০ টাকা; ক্রয় ফেরত ৫,০০০ টাকা; নগদ তহবিল (০১-০১-১৮) ৬,০০০ টাকা; অগ্রিম সেবা আয় ৮,০০০ টাকা; মজুদ পণ্য (০১-০১-১৮) ৪০,০০০ টাকা; পরিবহন ৭,০০০ টাকা; অনাদায়ী পাওনা সঞ্চিতি ৩,০০০ টাকা; মজুদ পণ্য (৩১-১২-১৮) ৩৫,০০০ টাকা; আমদানি শুল্ক ৫,০০০ টাকা; নগদ তহবিল (৩১-১২-১৮) ১০,০০০ টাকা; জাহাজ ভাড়া ৩,০০০ টাকা।

ক. তুর্সি এন্টারপ্রাইজ-এর রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত দ্বারা তুর্সি এন্টারপ্রাইজ-এর রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. তুর্সি এন্টারপ্রাইজ-এর বিক্রীত পণ্যের ব্যয়-এর পরিমাণ নির্ণয় করো। ৪

১০.▶ ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে বুহি ফুড প্রোডাক্টস এর হিসাব বই

https://teachingbd24.com

থেকে নিম্নোক্ত তথ্যাবলি সংগৃহীত হয়েছে :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের মজুদ (০১-০১-১৮) | ১০,৫০০ |
| কাঁচামালের মজুদ (৩১-১২-১৮) | ১২,৫০০ |
| চলতি কার্যের মজুদ (০১-০১-১৮) | ১৫,০০০ |
| চলতি কার্যের মজুদ (৩১-১২-১৮) | ১৭,৫০০ |
| কাঁচামাল ক্রয় | ১,২০,০০০ |
| মজুরি | ৫,০০০ |
| কারখানা খরচ | ৭,৫০০ |
| যন্ত্রপাতির অবচয় | ৩,০০০ |
| কারখানা দালানের মেরামত | ৪,০০০ |
| অফিস খরচ | ১২,৫০০ |
| বিক্রয় | ৪,১০,০০০ |
| ব্যবস্থাপকের ভাতা ও সম্মানী | ১৫,০০০ |
| বিজ্ঞাপন | ১৩,৪০০ |
| বিক্রয় খরচ | ২৪,৬০০ |

ক. রুহি ফুড প্রোডাক্টস-এর মুখ্য ব্যয় নির্ণয় করো। ২

খ. মুখ্য ব্যয় ১,২৫,০০০ টাকা ধরে রুহি ফুড প্রোডাক্টস-এর উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় ১,৩৫,০০০ টাকা ধরে রুহি ফুড প্রোডাক্টস-এর নিট পরিচালন মুনাফা নির্ণয় করো। ৪

১১. ▶ জনাব মিন্টু একজন কৃষক। ১ জানুয়ারি ২০১৮ তারিখে তার পারিবারিক আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ :

বাড়িঘর ১০,০০,০০০ টাকা, কৃষিজমি ৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, গহনাপত্র ২০,০০০ টাকা, নগদ তহবিল ১,০০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ২,০০,০০০ টাকা।

উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ:

দৈনন্দিন বাজার ৫০,০০০ টাকা; মুদি ও মনিহারি বিল ১৫,০০০ টাকা; ফসল বিক্রয় ২,০০,০০০ টাকা; চিকিৎসা খরচ ২০,০০০ টাকা; বীজ ও সার ক্রয় ৪০,০০০ টাকা; শ্রমিকের মজুরি প্রদান ৩০,০০০ টাকা; ঋণ পরিশোধ ১,২০,০০০ টাকা; বিদ্যুৎ খরচ প্রদান ২,০০০ টাকা; টেলিভিশন ক্রয় ১৫,০০০ টাকা।

**অন্যান্য তথ্য:** (১) বিদ্যুৎ বিল বকেয়া ৫০০ টাকা; (২) বাকিতে পাট বিক্রয় ১০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

খ. বছর শেষে উক্ত পরিবারের নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জনাব মিন্টুর পরিবারের উক্ত হিসাবকালের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

# উত্তরমালা

১. ক. চলতি দায়ের পরিমাণ ৩৫,০০০ টাকা। খ. মোট মুনাফার পরিমাণ ৫৮,২০০ টাকা। গ. নিট মুনাফার পরিমাণ ১৭,৫০০ টাকা।

২. ক. বিক্রীত পণ্যের ব্যয় ১,৪৫,০০০ টাকা। খ. আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ ৩,৩৭,২০০ টাকা। গ. সমাপনী মালিকানা স্বত্ব ২,৩৮,৯০০ টাকা এবং মোট দায় ৯৮,৩০০ টাকা।

৪. ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৪,০০,০০০ টাকা। খ. মুনাফা জাতীয় আয় ১,৮৭,০০০ টাকা এবং মুনাফা জাতীয় প্রাপ্তি ১,০০,০০০ টাকা। গ. মুনাফা জাতীয় ব্যয় ১,১৫,০০০ টাকা এবং মুনাফা জাতীয় প্রদান ৬০,০০০ টাকা।

৫. ক. মূলধন জাতীয় প্রাপ্তি ৪,৭৫,০০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল: নগদ ৭,০০,০০০ টাকা, প্রদত্ত বাট্টা ২,০০০ টাকা, বিক্রয় ১,১৫,০০০ টাকা, দেনাদার ১,১২,০০০ টাকা এবং অন্যান্য হিসাব ৪,৭৫,০০০ টাকা। গ. নগদ প্রদান জাবেদার যোগফল: ক্রয় ১,২০,০০০ টাকা, পাওনাদার ১,৩০,০০০ টাকা, অন্যান্য হিসাব ২,৭৫,০০০ টাকা, প্রাপ্ত বাট্টা ১০,০০০ টাকা এবং নগদ ৫,১৫,০০০ টাকা।

৬. ক. ফেরত ডালের পরিমাণ ৩,০০০ কেজি। খ. ক্রয় ফেরত জাবেদার যোগফল ৪,৯২,০২০ টাকা।

৭. ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৫৫,০০০ টাকা। খ. ব্যাংক হিসাবের (ডেবিট) উদ্বৃত্ত ৩৩,০০০ টাকা এবং পাওনাদার হিসাবের (ক্রেডিট) উদ্বৃত্ত ৮,০০০ টাকা। গ. নগদান হিসাবের (ডেবিট) উদ্বৃত্ত ২৮,০০০ টাকা এবং ক্রয় হিসাবের (ডেবিট) উদ্বৃত্ত ৮,০০০ টাকা।

৮. ক. মোট কারবারি বাট্টা ২৯,৪০০ টাকা। খ. জাবেদার যোগফল ৩,১৩,২০০ টাকা। গ. নগদ উদ্বৃত্ত ২,২৯,০০০ টাকা; ব্যাংক জমার উদ্বৃত্ত ৮০,০০০ টাকা; প্রদত্ত বাট্টা ৩,০০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ২,০০০ টাকা।

৯. ক. যে উদ্বৃত্তগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ ৪১,০০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ২,১৭,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাব (ক্রেডিট) ১,০০০ টাকা। গ. বিক্রীত পণ্যের ব্যয় ৫৭,০০০ টাকা।

১০. ক. মুখ্য ব্যয়ের পরিমাণ ১,২৩,০০০ টাকা। খ. উৎপাদিত পণ্যের ব্যয় ১,৩৭,০০০ টাকা। গ. নিট পরিচালন মুনাফা ২,০৯,৫০০ টাকা।

১১. ক. প্রারম্ভিক পারিবারিক তহবিল ১৪,৭০,০০০ টাকা। খ. বছর শেষে উক্ত পরিবারের নগদ তহবিলের পরিমাণ ৮,০০০ টাকা। গ. আয়ের উদ্বৃত্ত ৫২,৫০০ টাকা।

Teachingbd24.com

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ৪ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **বিক্রেতা বাকিতে বিক্রয়ের পূর্বে ক্রেতার হিসাব প্রতিবেদন থেকে কী যাচাই করে?**
ক মূল্য পরিশোধ কাল
খ ঋণ পরিশোধ সচেতনতা
গ দায় পরিশোধ ক্ষমতা
ঘ নিট আর্থিক ফলাফল

২. **আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের সফলতা নির্ভর করে কোনটির উপর?**
ক অর্থ বিনিয়োগের ওপর
খ নির্ভুল হিসাবরক্ষণ ব্যবস্থার ওপর
গ ব্যয় নিয়ন্ত্রণের ওপর
ঘ ব্যাপক প্রচারণার ওপর

৩. **ব্যাংক বিবরণী ও নগদান বইয়ের ব্যাংক কলামের উদ্বৃত্তের মাঝে পরিমলের কারণ—**
i. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যাত হয়েছে
ii. ব্যাংক সুদ মঞ্জুর, যা নগদানভুক্ত হয়নি
iii. পাওনাদারকে চেক প্রদান, যা ব্যাংকে উপস্থাপিত হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
ব্যবসায়ের সকল দেনা-পাওনা নিষ্পত্তি সংক্রান্ত লেনদেন মুন টেডার্স-এর হিসাবরক্ষক একই হিসাবের বইতে লিপিবদ্ধ করে তা থেকে জের নির্ণয় করেন। কিন্তু সান ট্রেডার্স-এর হিসাবরক্ষক একই লেনদেন বিশেষ জাবেদায় লিপিবদ্ধ করেন।

৪. **মুন ট্রেডার্স-এর উল্লিখিত হিসাবের বই কোনটি?**
ক দুঘরা নগদান বই
খ তিনগঘরা নগদান বই
গ সাধারণ জাবেদা
ঘ সহকারী খতিয়ান

৫. **নগদ উদ্বৃত্ত নির্ণয়ের জন্য সান ট্রেডার্সকে প্রস্তুত করতে হবে—**
i. একঘরা নগদান বই
ii. নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদা
iii. নগদান হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. **একজন ব্যবসায়ীর পরিবারের মুনাফা জাতীয় ব্যয় কোনটি?**
ক নিরীক্ষকের সম্মানী খ দোকানের ভাড়া
গ তৈজসপত্র ক্রয় ঘ ঋণের সুদ

৭. **মালিকানা স্বত্ব প্রতিষ্ঠানের জন্য এক ধরনের—**
ক সম্পদ খ ব্যয়
গ আয় ঘ দায়

৮. **বিশদ আয় বিবরণীর দ্বিতীয় ধাপে কোনটি হিসাবভুক্ত হয়?**
ক মূল পরিচালন আয়
খ বিক্রীত পণ্যের ব্যয়
গ পরোক্ষ পরিচালন ব্যয়
ঘ অপরিচালন আয়

৯. **শিক্ষাবোর্ডে হিসাববিজ্ঞানের প্রয়োজনীয়তা কোনটি?**
ক লাভ-ক্ষতি নির্ণয়
খ পরীক্ষার ফি নির্ধারণ
গ মানসম্মত প্রশ্ন প্রণয়ন
ঘ ভ্যাট ও শুল্ক আদায়

**উদ্দীপকটি পড়ো এবং ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
মেহেদীর নিকট বাকিতে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা। নিরীক্ষক রেওয়ামিল যাচাই করে দেখলেন মেহেদী হিসাবও ক্রেডিট করা হয়েছে।

১০. **উদ্দীপকে হিসাবরক্ষক কোন ধরনের ভুল করেছেন?**
ক বাদ পড়ার ভুল খ নীতিগত ভুল
গ স্বয়ং সংশোধক ভুল ঘ লেখার ভুল

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
আপন এন্টারপ্রাইজ-এর ৩০ জুন ২০১৮ তারিখের রেওয়ামিলে ৮% বিনিয়োগ ৮০,০০০ টাকা এবং বিনিয়োগের সুদ ৪,৪০০ টাকা ছিল। হিসাবরক্ষক বিশদ আয় বিবরণীতে বিনিয়োগের সুদ ৬,৪০০ টাকা লিখে সঠিক নিট মুনাফা নির্ণয় করেন।

১১. **আপন ট্রেডার্স সমন্বয় জাবেদায় কত টাকা লিখবে?**
ক ২,০০০ টাকা খ ৪,৪০০ টাকা
গ ৬,৪০০ টাকা ঘ ১০,৮০০ টাকা

১২. **উদ্দীপকের তথ্য দ্বারা প্রকাশ পায়—**
i. বিনিয়োগের ৬ মাসের সুদ বকেয়া আছে
ii. বিনিয়োগটি ১ জুলাই ২০১৭ তারিখে হয়েছিল
iii. বিনিয়োগটি ১ জুলাই ২০১৭ তারিখের পূর্বে হয়েছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. **কোনটি লেনদেনের উদাহরণ?**
ক বিনামূল্যে সেবা প্রদান
খ মূল্যহীন চেক গ্রহণ
গ বিনামূল্যে পণ্য বিতরণ
ঘ বিক্রয়মূল্য নির্ধারণ

১৪. **ব্যবসায়ের মালিকানাধীন যেগুলো মুনাফা অর্জনের কাজে ব্যবহৃত তাকে কী বলে?**
ক সম্পদ খ ব্যয়
গ মালিকানা স্বত্ব ঘ বিনিয়োগ

Teachingbd24.com

১৫. আয়, ব্যয়, সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব হিসাবসমূহকে এক কথায় বলা হয়—
ক জাবেদা　　খ খতিয়ান
গ রেওয়ামিল　　ঘ হিসাব সমীকরণ

১৬. মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের মধ্যে সম্পর্ক হতে পারে—
i. প্রাপ্তি > আয়
ii. প্রাপ্তি = আয়
iii. প্রাপ্তি < আয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

১৭. বছর শেষে দেনাদার মূল্যায়নের জন্য কোনটি হিসাবভুক্ত করা হয়?
ক কুঋণ সঞ্চিতি
খ অলিখিত বিক্রয়
গ অলিখিত বিক্রয় ফেরত
ঘ সাধারণ সঞ্চিতি

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
আলফা ট্রেডার্স-এর ম্যানেজার জনাব শাওন, জনাব তপন কর্তৃক প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন দেখে সোনালী ব্যাংক থেকে ঋণ নিয়ে জনাব সোহেলের পাওনা পরিশোধের সিদ্ধান্ত নিলেন।

১৮. আলফা ট্রেডার্স-এর হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
ক জনাব শাওন　　খ জনাব তপন
গ জনাব সোহেল　　ঘ সোনালী ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
কুমিল্লার পাট ব্যবসায়ী জনাব সাগর দেশের বিভিন্ন স্থান থেকে পাট ক্রয় করে এবং নিজস্ব ট্রাকে গুদামে আনেন। ফলে ক্রয়মূল্য কম হয়।

১৯. জনাব সাগরের পাটের ক্রয়মূল্যের অন্তর্ভুক্ত হলো—
i. ট্রাকের ভাড়া
ii. ট্রাকের জ্বালানি খরচ
iii. ট্রাক ড্রাইভারর বেতন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২০. একটি ব্যাংক এক মাসে যে পরিমাণ চেক পরিশোধ করে তার মোট পরিমাণ কোনটি থেকে জানতে পারে?
ক ব্যাংক বিবরণী　　খ জাবেদা
গ খতিয়ান　　ঘ রেওয়ামিল

২১. উৎপাদিত পণ্যের ফরমায়েশ সংগ্রহের ব্যয় কোন ধরনের ব্যয়?
ক প্রত্যক্ষ ব্যয়　　খ কারখানা উপরিব্যয়
গ প্রশাসনিক উপরিব্যয়　　ঘ বিক্রয় উপরিব্যয়

২২. ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের রেওয়ামিলে নিচের কোনটি অন্তর্ভুক্ত হবে?
ক ১-১০-২০১৭ তারিখের হাতে নগদ
খ ৩০-৯-২০১৮ তারিখের ব্যাংক জমাতিরিক্ত
গ ১-১০-২০১৭ তারিখের ব্যাংক উদ্বৃত্ত
ঘ ৩০-৯-২০১৮ তারিখের মজুদ পণ্য

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**
রমনা ট্রেডার্স-এর স্বত্বাধিকারী জনাব রমেন্দ্র নিজ ব্যাংক হিসাব থেকে উত্তোলিত ১,৫০,০০০ টাকা, বন্ধুর নিকট থেকে ১,২০,০০০ টাকা ঋণ এবং কিছু আসবাবপত্রসহ মোট ২,৫০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন।

২৩. রমনা ট্রেডার্স-এর প্রারম্ভিক আসবাবপত্রের মূল্য কত?
ক ১,০০,০০০ টাকা　　খ ১,২০,০০০ টাকা
গ ১,৩০,০০০ টাকা　　ঘ ১,৫০,০০০ টাকা

২৪. ৫০,০০০ টাকা নিয়ে একটি প্রতিষ্ঠান ব্যবসায় শুরু করে। বছর শেষে মোট আয় ২০,০০০ টাকা এবং মালিকানা স্বত্ব ৬৫,০০০ টাকা হলে, মোট ব্যয়ের পরিমাণ কত?
ক ৩৫,০০০ টাকা　　খ ৩০,০০০ টাকা
গ ১৫,০০০ টাকা　　ঘ ৫,০০০ টাকা

২৫. কোন হিসাবটির পোস্টিং দ্বারা দেনাদারের উদ্বৃত্ত বৃদ্ধি পেতে পারে?
ক আন্তঃফেরত　　খ বহিঃফেরত
গ ব্যাংক　　ঘ নগদান

২৬. "ব্যবসায়ে ব্যবহারের জন্য ফটোকপি মেশিন ক্রয়" কোন হিসাবে হিসাবভুক্ত হবে?
ক অফিস সরঞ্জাম　　খ অফিস সাপ্লাইজ
গ আসবাবপত্র　　ঘ ক্রয়

২৭. মূলধন জাতীয় ব্যয়ের মাধ্যমে অর্জিত সম্পদ কোনটি?
ক ঘড়ি　　খ ক্যালকুলেটর
গ কম্পিউটার　　ঘ স্ট্যাপলার

২৮. কোনটি নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হবে?
ক ব্যাংক চার্জ
খ ব্যাংক হতে উত্তোলন
গ ব্যাংক জমাতিরিক্তের সুদ
ঘ ব্যাংক সুদ মঞ্জুর

২৯. কোনটি রেওয়ামিলে ক্রেডিট দিকে অন্তর্ভুক্ত হবে?
ক ব্যাংক জমার সুদ　　খ বিনিয়োগের প্রাপ্য সুদ
গ প্রদত্ত ঋণ　　ঘ প্রাপ্য ভাড়া

৩০. আর্থিক বিবরণী প্রস্তুতের সময় কোন জাবেদার প্রয়োজন হয়?
ক প্রারম্ভিক জাবেদা　　খ সমন্বয় জাবেদা
গ সমাপনী জাবেদা　　ঘ সংশোধনী জাবেদা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com